

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

বিজ্ঞপ্তি

তাং ১৪/১২/২০১৭ খ্রি.

এতদ্বারা ঠাকুরগাঁও সরকারি কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে দরিদ্র ছাত্র-ছাত্রী নির্বাচনের জন্য তাদের নিকট হতে আগামী ১৭/১২/২০১৭ হতে ২৪/১২/২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আবেদনের শর্তাবলী :

- ১। যোগ্য ছাত্র-ছাত্রীর অভিভাবক/পিতা-মাতার সিটি কর্পোরেশনে ৫ শতাংশ, পৌরসভায় ২৫ শতাংশ এবং অন্যান্য এলাকায় ৭৫ শতাংশের কম জমি থাকতে হবে।
- ২। অভিভাবক/পিতা মাতার বাৎসরিক আয় ১০০০০০/- (একলক্ষ) টাকার কম হতে হবে।
- ৩। পঙ্গু, প্রতিবন্ধী এবং এতিম শিক্ষার্থী, অসচ্ছল মুক্তিযোদ্ধাদের সন্তান, রিক্সা/ভ্যান চালক বা দিনমজুরের সন্তান, নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান, দুস্থ পরিবারের সন্তান এবং উপার্জনে অসমর্থ/বিকলাঙ্গ (যেমন- পঙ্গু, অন্ধ, বোবা ইত্যাদি) পিতা/মাতার সন্তান উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার পাবে।
- ৪। অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রীদের মধ্য হতে ৪০% দরিদ্র ছাত্রী এবং ছাত্রদের মধ্য হতে ১০% দরিদ্র ছাত্র উপবৃত্তি ও অন্যান্য অনুদান প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য বিবেচিত হবে।
- ৫। নির্বাচিত ছাত্র-ছাত্রী এইচএসসি/সমমানের পরীক্ষা দেওয়া পর্যন্ত অবিবাহিত থাকতে হবে।
- ৬। শুধু নিয়মিত শিক্ষার্থীরাই উপবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে। এসএসসি/সমমান পরীক্ষায় পাসের পর কোন বিরতি না দিয়ে উচ্চ মাধ্যমিক স্তরে ভর্তিকৃত শিক্ষার্থীরাই নিয়মিত হিসাবে গন্য হবে। তবে উচ্চ মাধ্যমিকে ভর্তির পর কোন বিরতি ছাড়াই একাদশ শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দ্বাদশ শ্রেণীতে উন্নীত হবে এবং অনুরূপভাবে দ্বাদশ শ্রেণীর নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হয়ে এইচএসসি/সমমান পরীক্ষায় অবতীর্ণ হতে হবে।
- ৭। প্রতি শিক্ষাবর্ষে ন্যূনতম ৭৫% ক্লাশে উপস্থিত থাকতে হবে।
- ৮। দরিদ্র ছাত্র-ছাত্রী নির্বাচনের জন্য সাক্ষাৎকারের তারিখ : ২৭/১২/২০১৭ তারিখ রোজ বুধবার বিজ্ঞান শাখার ছাত্র-ছাত্রীদের এবং ২৮/১২/২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার ছাত্র-ছাত্রীদের।

সকাল : ১১.০০ মিনিট হতে


স্থান : শিক্ষক মিলনায়তন।

(বিদ্র: সাক্ষাৎকারে অংশ গ্রহণের সময় ছাত্র-ছাত্রীদেরকে পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।)

দরখাস্ত জমা দেয়ার স্থান : কলেজ অফিস (সাধারণ শাখা)।

উল্লেখ্য দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।

- ১। ০১ (এক) কপি সাপোর্ট সাইজের ছবি।
- ২। এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের ট্রান্সক্রীপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (সত্যায়িত ছাড়া)।
- ৩। সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে ছাত্র-ছাত্রীর অভিভাবকের বার্ষিক আয়, জমির পরিমাণ, বৈবাহিক অবস্থা সম্পর্কিত প্রত্যয়ন পত্র (প্রত্যয়ন পত্রের ফরম কলেজ অফিসে পাওয়া যাবে)।
- ৪। পঙ্গু, প্রতিবন্ধী এবং এতিম শিক্ষার্থী, অসচ্ছল মুক্তিযোদ্ধাদের সন্তান, রিক্সা/ভ্যান চালক বা দিনমজুরের সন্তান, নদীভাঙ্গন কবলিত পরিবারের সন্তান, দুস্থ পরিবারের সন্তান এবং উপার্জনে অসমর্থ/বিকলাঙ্গ (যেমন- পঙ্গু, অন্ধ, বোবা ইত্যাদি) অগ্রাধিকার পাবে (প্রযোজ্য ক্ষেত্রে সনদ পত্র দিতে হবে)।


অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ

ঠাকুরগাঁও।
১৪/১২/১৭